# সাকিব-তামিম অধ্যায় শেষ হামজার জন্য অপেক্ষা...

নিবিড় চৌধুরী



আন্তর্জাতিক ও বাংলাদেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ হয়েই থাকবে ২০২৪ সালটি। ক্রীড়া ক্ষেত্রেও নয় কি? এ বছর ক্রীড়াযজ্ঞের মধ্যে হয়েছে টি-টোয়েন্টি বিশ্বকাপ, প্যারিস অলিম্পিক গেমস, ইউরো চ্যাম্পিয়নশিপ ও কোপা আমেরিকা। বছরটি মনে থাকবে রদ্রি ও ভিনিসিয়ুস জুনিয়রেরও। ফুটবলে ব্যক্তিগত মর্যাদার পুরস্কার ব্যালন ডি'অরের জন্য ফেবারিট ছিলেন দুজনে। শুরুতে ভিনির হাতে উঠবে মনে হলেও পরে উল্টে যায় পাশার দান। প্রথমবার ব্যালন ডি'অর জিতে নেন ম্যানচেস্টার সিটির রদ্রি। ভিনির না পাওয়া নিয়ে কম আলোচনা-সমালোচনা হয়নি। তবে রিয়াল মাদ্রিদ ফরোয়ার্ডের সান্ত্বনা, ফিফা বর্ষসেরা খেলোয়াড় হয়ে। এ বছর টেনিসকে বিদায় জানান কিংবদন্তি রাফায়েল নাদাল। আলোচিত দল বদলের মধ্যে ছিল পিএসজি থেকে কিলিয়ান এমবাপ্পের রিয়াল মাদ্রিদে আসা।

পুরোনো বছরের সালতামামি তো অনেক হলো। দেখে নেওয়া যাক কেমন যাচ্ছে ও যাবে ক্রীড়াঙ্গনের নতুন বছর। আন্তর্জাতিক ক্রিকেট সূচিতে এ বছরের ফেব্রুয়ারিতে হবে বহুল আলোচিত আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি। ৮ বছর পর পাকিস্তানে হতে যাচ্ছে মিনি বিশ্বকাপ খ্যাত এই টুর্নামেন্ট। ওয়ানডে র‍্যাংকিংয়ের শীর্ষ আট দলের চ্যাম্পিয়নস ট্রফি হবে হাইব্রিড মডেলে। মূলত ভারত পাকিস্তানে যেতে রাজি না হওয়ায় অনেক আলোচনা-বৈঠকের পরে এই সিদ্ধান্ত হয়েছে। চ্যাম্পিয়নস ট্রফি হবে ১৯ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ পর্যন্ত। দিনক্ষণ চূড়ান্ত না হলেও আগামী আগস্ট-সেপ্টেম্বরে হওয়ার কথা নারীদের ওয়ানডে বিশ্বকাপ। তার আগে জুনে হবে আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তৃতীয় চক্রের ফাইনাল। লর্ডসে শিরোপা লড়াইয়ে মুখোমুখি হবে অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকা। এছাড়া বয়সভিত্তিক বিশ্বকাপ বাদ দিলে এ বছর আইসিসির তেমন কোনো ইভেন্ট নেই। আন্তর্জাতিক ফুটবলেও নেই ফিফার বড় কোনো ইভেন্ট। আর টেনিসে আগের মতোই রয়েছে চার গ্র্যান্ড স্লামের লড়াই।

এ বছর অবশ্য উল্লেখযোগ্য বছর হতে যাচ্ছে বাংলাদেশের ক্রীড়া ক্ষেত্রে। প্রথমে আসি ফুটবলে। আগামী ২৫ মার্চ ভারতের বিপক্ষে ম্যাচ দিয়ে এএফসি এশিয়ান কাপের বাছাই শুরু করবে বাংলাদেশ। সম্ভাবনা আছে এই ম্যাচ দিয়ে বাংলাদেশের জার্সিতে অভিষেক হতে পারে হামজা চৌধুরীর। ইংলিশ প্রিমিয়ার লিগের মতো বিশ্বের সেরা লিগের ফুটবলার লাল সবুজ জার্সি পরে খেলবেন, এ তো ইতিহাস বটে! দক্ষিণ এশিয়ার আর কোনো দেশে যে এমনটা ঘটেনি!

জন্ম ব্রিটেনে হলেও হামজার বাবা ও মা দুজনই বাংলাদেশি। ২৭ বছর বয়সী হামজা বর্তমানে খেলছেন সাবেক প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়ন লেস্টার সিটিতে। ক্লাবটির অধিনায়কত্বও করেছেন তিনি এবং জিতেছেন এফএ কাপ। এ ছাড়া খেলেছেন ইউরোপের দ্বিতীয় সেরা ক্লাব টুর্নামেন্ট ইউরোপা লিগ ও এর পরের ধাপ উয়েফা কনফারেন্স লিগে। হামজাকে নিয়ে বাংলাদেশ দলে বিদেশি বংশোদ্ভূত ফুটবলারের সংখ্যা দাঁড়াবে তিনে। আগে থেকে আছেন ডেনমার্ক থেকে আসা জামাল ভূঁইয়া ও ফিনল্যান্ডের তারিক কাজী। তাদের দেখানো পথে আরও অনেক বাংলাদেশি বংশোদ্ভূত খেলতে চান লাল সবুজ জার্সিতে।

ফিফার ছাড়পত্র পাওয়ায় বাংলাদেশের হয়ে খেলতে আর কোনো বাধা নেই হামজা। তার ক্লাব লেস্টারও এ নিয়ে অভিনন্দন জানিয়েছেন তাকে। অনেকদিন ধরে বাফুফে হামজাকে বাংলাদেশের হয়ে খেলাতে চেষ্টা চালাচ্ছিল। এখন সেটি বাস্তবায়ন হওয়ার পথে। সব কিছু ঠিক থাকলে বাংলাদেশের পরের আন্তর্জাতিক সূচিতে ভারতে হতে পারে হামজার অভিষেক। তবে বাংলাদেশের ফুটবলের ভক্ত-সমর্থকেরা তার অভিষেক দেখতে চান এদেশের মাটিতে। সেটি কি সম্ভব হবে? সম্ভব হবে কি এ দেশের পরিবেশের সঙ্গে মানিয়ে হামজার নিজের সহজাত খেলাটা খেলতে? সেটি ভবিষ্যতে দেখা যাবে। তবে তার আগমন এ

দেশের ঝিমিয়ে পড়া ফুটবলকে জাগাতে বড় ভূমিকা রাখবে মনে করেন অনেকে।

ক্রিকেটের ক্ষেত্রেও বছরটি গুরুত্বপূর্ণ বাংলাদেশের জন্য। ফেব্রুয়ারিতে পাকিস্তানে চ্যাম্পিয়নস ট্রফি খেলবেন নাজমুল হোসেন শান্তরা। তবে টুর্নামেন্টের ১৫ সদস্যের দলে জায়গা হয়নি লিটন দাস ও শরীফুল ইসলামের। বিসিবি ও শান্ত দলে চেয়েছিলেন সাকিব আল হাসান ও তামিম ইকবালকে। তবে কারও সেই আশা পূরণ হয়নি। অভিমানে ২০২৩ সালের জুলাইয়ে চট্টগ্রামে আফগানিস্তানের বিপক্ষে সিরিজ চলাকালীন আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলেছিলেন বাংলাদেশের ড্যাশিং ওপেনার তামিম। পরে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুরোধে একদিনের ব্যবধানে অবসরও ভাঙেন তিনি। এরপর ফিটনেস টেস্ট দিয়ে সেই বছরের সেপ্টেম্বরে মিরপুরে নিউ জিল্যান্ডের বিপক্ষে সিরিজেও খেলেন তামিম। তবে বাংলাদেশ দলে সেই শেষ তার। ওয়ানডে বিশ্বকাপের জন্য তামিমকে বাদ দিয়ে সাকিবের নেতৃত্বে ভারতে উড়াল দেয় বাংলাদেশ দল। সেটি নিয়ে হৈচৈ পড়ে যায়। তামিম আবার সেই অভিমানে বিদায় বলেন। আর বাদ দেওয়ার জন্য পরোক্ষভাবে অভিযোগের আঙুল তোলেন এক সময়ের বন্ধু সাকিবের ওপর। সাকিবও পরে টি-স্পোর্টসে দুই পর্বের সাক্ষাৎকার দেন। চলে সাকিব ও তামিম ভক্তদের মধ্যে পাল্টাপাল্টি যুক্তি-তর্ক-লড়াই।

ওয়ানডে বিশ্বকাপে বাংলাদেশ ভালো করেনি। সাপে-নেউলে সম্পর্ক হলেও এবার বিসিবি ও শান্ত চেয়েছিলেন সাকিব-তামিমকে একসঙ্গে দলে পেতে। তার জন্য বিসিবি কর্মকর্তারা বিপিএলে দারুণ ফর্মে থাকা তামিমের সঙ্গে বেশ কয়েকবার বৈঠকেও বসেন। তবে সেটি ফলপ্রসু হয়নি। গত ১২ জানুয়ারি ছিল চ্যাম্পিয়নস ট্রফিতে দল দেওয়ার শেষ দিন। পরে অবশ্য পরিবর্তন আনা যাবে। তবে তার দুইদিন আগে তামিম ফেসবুকে নিজের অফিশিয়াল পেজে জানিয়ে দেন, আনুষ্ঠানিকভাবে অবসরের কথা। তামিমকে না পাওয়া গেলেও সাকিবকে পাওয়ার আশা ছিল সবার।

কিন্তু সেটিও সম্ভব হয়নি। দেশের রাজনৈতিক পট-পরিবর্তনের পর থেকে দেশে আসতে পারেননি সাকিব। রাজনৈতিক পরিচয় থাকায় ঘরের মাটিতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজ দিয়ে টেস্টকে বিদায় বলার ইচ্ছে থাকলেও সেটিও সম্ভব হয়নি তার। দল পেলেও খেলা হচ্ছে না বিপিএলে। টেস্ট ও টি-টোয়েন্টি থেকে অবসর নিয়ে নিয়েছেন তিনি। ইচ্ছে ছিল চ্যাম্পিয়নস ট্রফিতে খেলে ওয়ানডেকেও বিদায় বলবেন। তার কারণেই তো বাংলাদেশের র‍্যাংকিংয়ে আটে থেকে 'মিনি বিশ্বকাপ' খ্যাত এই আইসিসি টুর্নামেন্টে খেলছে বাংলাদেশ। গত ওয়ানডে বিশ্বকাপে শ্রীলঙ্কার বিপক্ষে হারলে চ্যাম্পিয়নস ট্রফিতে খেলা সংশয়ে পড়ে যেত শান্তদের। সেই ম্যাচে অ্যাঞ্জেলো ম্যাথুসকে 'টাইমড আউট' করে বিতর্ক ও আলোচনার জন্ম দেন সাকিব। আর সেই সাকিবই নেই চ্যাম্পিয়নস ট্রফিতে।

কারণটা তার বোলিং সমস্যা। ভারত সফরের আগে গত সেপ্টেম্বরে কাউন্টি চ্যাম্পিয়নশিপে একটি ম্যাচ খেলতে ইংল্যান্ডে গিয়েছিলেন সাকিব। সেই ম্যাচে বোলিংয়ে বেশ ভালোও করেন তিনি। তবে বাংলাদেশ অলরাউন্ডারের বোলিং অ্যাকশন নিয়ে সন্দেহ হওয়ায় রিপোর্ট দেন আম্পায়ার। তার কারণে লাফবোরো বিশ্ববিদ্যালয়ে বোলিং অ্যাকশনের পরীক্ষা দেন সাকিব। কিন্তু উতরাতে না পারায় নিজেদের সব ধরনের ঘরোয়া ক্রিকেটে তার বোলিং নিষিদ্ধ করে ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। সেই প্রেক্ষিতে আন্তর্জাতিক ক্রিকেটেও নিষিদ্ধ হন সাকিব। খেলতে পারবেন বটে, তবে বোলিং করতে পারবেন না। সেই নিষেধাজ্ঞা থেকে মুক্তি পেতে চেন্নাইয়ে আইসিসি অনুমোদিত জায়গায় আবারও বোলিং অ্যাকশন পরীক্ষা দেন সাকিব। কয়েকদিন পরে চাউর হয়, সাকিব সেখানেও ফেল। সেটিই আনুষ্ঠানিকভাবে চ্যাম্পিয়নস ট্রফির দল ঘোষণার একদিন আগে জানায় বিসিবি।



বিসিবি দলে চেয়েছিল অলরাউন্ডার সাকিবকে। কিন্তু বোলিংয়ে নিষিদ্ধ হওয়ায় সেই চিন্তা থেকে ফিরে আসেন নির্বাচকেরা। টিম কম্বিনেশনের কথা চিন্তা করে শুধু ব্যাটার হয়ে যাওয়ায় সাকিবকে দলে নেওয়া হয়নি। হয়তো এখানেই শেষ বাংলাদেশ দলে সাকিব অধ্যায়। শেষ তো হয়েই গেছে তামিমেরও।

সেটির চেয়ে চ্যাম্পিয়নস ট্রফির দলে বড় চমক হয়ে আসে লিটন দাসের বাদ পড়া। অনেক দিন ধরে ফর্মে ছিলেন না তিনি। ওয়ানডেতে গত সাত ইনিংসে করতে পারেননি দুই অঙ্কের রান। দল ঘোষণার আগে গুঞ্জন ছিল লিটন বাদ পড়তে পারেন। সেটিই হয়েছে। পারভেজ হোসেন ইমনের ওয়ানডেতে অভিষেক না হলেও দলে আছেন তিনি। এক্ষেত্রে বাংলাদেশ দলের প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপুর ব্যাখ্যা, দলে থাকা দুই ওপেনার সৌম্য সরকার ও তানজিদ হাসান তামিম যে মেজাজে ব্যাট করেন সেটির সঙ্গে তাল মেলাতে পারভেজকে নেওয়া।

পাকিস্তানের উইকেট চিন্তা করে দলে নেওয়া হয়েছে চার পেসার। বাদ পড়েছেন হাসান মাহমুদ। আর লিটনকে বাদ দেওয়ার কারণ হিসেবে লিপু বলেছেন, 'লিটন আউট অব ফর্ম'। এই অভিজ্ঞ উইকেটরক্ষক-ব্যাটারের ওপর আস্থা রাখতে পারছেন না তিনি। ঘণ্টা কয়েকের ব্যবধানে অবশ্য সেই কথা ভুল প্রমাণিত করেন লিটন। দল ঘোষণার দিনে বিপিএলে খেলেন অবিশ্বাস্য ইনিংস। সিলেটে দুর্বার রাজশাহীর বিপক্ষে খেলেন অপরাজিত ১২৫ রানের ইনিংস। ৪৪ বলে সেঞ্চুরি করেছেন লিটন, যা বিপিএলে দ্রুততম সেঞ্চুরির রেকর্ড। বিপিএলে নিজের প্রথম সেঞ্চুরিতে জবাব দেওয়া লিটন আগের ম্যাচে সিলেট স্ট্রাইকার্সের বিপক্ষে করেন ৭৩ রান। কিন্তু ফর্মে ফেরার ইঙ্গিতটা দিতে যে বড্ডই দেরি করে ফেলেছেন ৩০ বছর বয়সী ব্যাটার!

লিটন ছাড়াও রাজশাহীর বিপক্ষে সেঞ্চুরি করেছেন তানজিদও (১০৮)। দুজনে ওপেনিং জুটিতে করেন ২৪১ রান। যা বিপিএলে যেকোনো উইকেট জুটিতে সর্বোচ্চ। শুধু সেই রেকর্ডই নয়। দুজনের তাণ্ডবে বিপিএল ইতিহাসে সর্বোচ্চ স্কোরের রেকর্ড গড়েছে ঢাকা ক্যাপিটাল। ১ উইকেটে করে ২৫৪ রান। লিটনের ক্ষোভ ঝাড়ার দিনে ঢাকাও পেয়েছে এবারের বিপিএলে প্রথম জয়। কিন্তু রেকর্ড ওলট-পালট করার পরও মুখে হাসি ছিল না লিটনের। বাদ পড়ার কষ্ট যে তখনও ভুলতে পারেননি তিনি।

এ তো গেল বাংলাদেশের খেলাধুলার খবর। আন্তর্জাতিক অঙ্গনের ভারতে আগামী অক্টোবরে টি-টোয়েন্টি ফরম্যাটে হতে পারে এশিয়া কাপ। আর বছরের শেষ দিকে হতে পারে জুনিয়র হকি বিশ্বকাপ। এছাড়া ফুটবলে নিয়মিতভাবে ঘরোয়া ও চ্যাম্পিয়নস লিগের লড়াই তো থাকছেই। সঙ্গে শুরু হবে ক্রিকেটে নতুন টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্রও।